দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৩৭

তারিখ 28 MAY 1988
পৃষ্ঠা ... কলাম 2

# সাতক্ষীরায় তিনটি সরকারী প্রাথমিক বিদ্যালয় বন্ধ

॥ মিজানুর রহমান ॥

সাতক্ষীরা, ২৬শে মে-প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলির প্রতিবাদে জেলার তালা উপজেলার ৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি স্কুলে তালা ঝুলিয়ে দিয়েছে। ম্যানেজিং কমিটি ছাত্র-ছাত্রীদেরকে বাড়ী ফিরিয়ে দিচ্ছে। শিক্ষকরা স্কুলে এসে গাছতলায় ও স্কুল বারান্দায় বসে থেকে বাড়ী ফিরে যাচ্ছে।

তালা উপজেলার শাকদহা, যুগি পুকুরিয়া ও মিঠা বাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয় গত ২১শে মে থেকে বন্ধ করে দেয়া হয়েছে। স্কুলের ব্যবস্থাপনা কমিটি স্কুলে তালা ঝুলিয়ে দিয়েছে। এমনকি বদলি শিক্ষকদেরকেও স্কুলে যোগদান করতে দেয়া হয়নি।

যুগিপুকুরিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি স্কুলে ৩ জন মহিলা শিক্ষক-এর পদ প্রত্যাহার এবং বদলি ২য় শিক্ষক-এর বদলী আদেশ প্রত্যাহারের দাবী জানিয়ে রেজুলেশন করে সংশ্লিষ্ট শিক্ষা বিভাগে জমা দিয়েছেন। রেজুলেশনের সিদ্ধান্ত অনুযায়ী দাবী পূরণ না হওয়া পর্যন্ত স্কুল বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এই স্কুলে বদলি হয়ে আসা মহিলা শিক্ষক বিন্দু রানীকে এই রিপোর্ট লেখা পর্যন্ত কাজে যোগদান করতে দেয়া হয়নি।

শাকদহা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও দ্বিতীয় শিক্ষককে বদলি করা হয়েছে। স্কুলের ব্যবস্থাপনা কমিটি স্কুলে তালা ঝুলিয়ে দিয়েছে। ছাত্র-ছাত্রীরা স্কুলে এসে ফিরে যাচ্ছে। শিক্ষকরাও স্কুলে এসে ফিরে যাচ্ছেন। এছাড়া মিঠাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় শিক্ষককে বদলির প্রতিবাদ জানিয়ে ব্যবস্থাপনা কমিটি রেজুলেশন করে সংশ্লিষ্ট বিভাগে পাঠিয়েছেন। ব্যবস্থাপনা কমিটি স্কুল ভবনে তালা ঝুলিয়ে দিয়েছে। ছাত্র-ছাত্রীরা স্কুলে এসে ফিরে যাচ্ছে।



সাতক্ষীরা : শাকদহা ও মিঠাবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের তালাবদ্ধ স্কুলের সামনে বসে থাকতে দেখা যাচ্ছে। ---সংবাদ